



মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

বাগজান, মুলজান, মানিকগঞ্জ।

স্মারক নং- ২৭.১২.৫৬০০.৫৪১.০১.০০৮.২৪. ৯৯৯০

তারিখঃ ২৭ ফাল্গুন ১৪৩০ বঃ
১২ মার্চ ২০২৪ খ্রিঃ

নিলাম বিজ্ঞপ্তি

মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর কমপ্লেক্সের ওপেন ইয়ার্ড স্টোর সহ অন্যান্য স্থানে রক্ষিত প্যাকিং কাঠ (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের জন্য দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ
০১	প্যাকিং কাঠ	১০০ মণ (আনুমানিক)

শর্তাবলীঃ

- ০১) আগ্রহী দরদাতাগণ আগামী ১৮/০৩/২৪ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ০৯:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত সীল মোহরকৃত দরপত্র মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর (বাগজান, মুলজান, মানিকগঞ্জ)-এ রক্ষিত টেন্ডার বক্সে অথবা পবিস মনিটরিং ও ব্যাংক (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বক্সে রাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না। দরদাতাগণকে অবশ্যই খামের উপর "প্যাকিং কাঠ নিলাম দরপত্র" কথাটি উল্লেখ করতে হবে। প্রাপ্ত দরপত্রসমূহ একইদিন বেলা ১১:০৫ ঘটিকায় সংশ্লিষ্ট দপ্তরে দরদাতার উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২) প্রতিষ্ঠান নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরযুক্ত স্বাক্ষর করে অথবা ব্যক্তির ক্ষেত্রে সাদা কাগজে পূর্ণ ঠিকানা, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও মোবাইল নম্বর লিপিবদ্ধ করনসহ স্বাক্ষর করে সীলগালায়ুক্ত খামে দরপত্র প্রদান করতে হবে। খামের উপর "প্যাকিং কাঠ নিলাম দরপত্র" কথাটি স্পষ্ট করে লিখতে হবে।
- ০৩) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন নিলাম মূল্যের নীচে কোন দর বিবেচনা করা হবে না।
- ০৪) নিলামে উদ্ধৃত দরের কমপক্ষে ২৫% (পঁচিশ শতাংশ) আর্নেস্টম্যানি হিসাবে "মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি" শিরোনামে যে কোন তফসীলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সহিত জমা দিতে হবে। আর্নেস্ট মানি হিসাবে দরপত্রের সাথে উল্লেখিত পরিমাণ অর্থ জমা না দিলে বা দরপত্র অসম্পূর্ণ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৫) আগ্রহী দরদাতাগণ ইচ্ছা করলে দরপত্র দাখিলের পূর্বে অফিস চলাকালীন যে কোন দিন নিলাম মালামাল সমূহ পরিদর্শন করতে পারবেন।
- ০৬) সর্বোচ্চ ও কৃতকার্য দরদাতাকে মালামাল গ্রহণের কার্যাদেশ প্রদানের ০৭(সাত) দিনের মধ্যে অবশিষ্ট অর্থ-নগদ অথবা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে সমিতিতে জমা প্রদান করে উক্ত ০৭ (সাত) দিনের মধ্যে মালামালসমূহ নিজ ব্যয়ে উত্তোলন করে নিতে হবে। বর্ষিত সময়ের মধ্যে মালামাল নিতে ব্যর্থ হলে দরপত্রের সাথে প্রদত্ত আর্নেস্টম্যানি বাজেয়াপ্ত করা হবে এবং সরবরাহ আদেশ বাতিল করা হবে।
- ০৭) সরকারী নিয়ম অনুযায়ী উদ্ধৃত মোট মূল্যের উপর প্রযোজ্য হারে উৎস কর ও ভ্যাট প্রদান করতে হবে।
- ০৮) মালামাল গ্রহণের সময় সমিতির স্থাপনা/সম্পত্তির কোন ক্ষয়ক্ষতি হলে তার ক্ষতিপূরণ বহন করতে হবে।
- ০৯) পবিস কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিলাম দরপত্রে শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০) মালামালের পরিমাণ কম/বেশী হলে অবশিষ্টাংশ নিলামকৃত দরে বিক্রয় করা হবে।

(মোঃ সুলতান নাছিমুল হক)
সিনিয়র জেনারেল ম্যানেজার

আন্তঃবিভাগীয় অনুলিপি (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাংক (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা। (বাপবিবোবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ০৩) ডিজিএম (সাঁটুরিয়া / হরিরামপুর / মানিকগঞ্জ / সিংগাইর / ঘিওর জোনাল অফিস/ সদর দপ্তর-কারিগরি), মানিকগঞ্জ পবিস।
- ০৪) এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম-দৌলতপুর/শিবালয় সাব-জোনাল অফিস), মানিকগঞ্জ পবিস।
- ০৫) এজিএম (আইটি), বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন।
- ০৬) স্টোর কিপার, মানিকগঞ্জ পবিস।
- ০৭) নোটিশ বোর্ড, মানিকগঞ্জ পবিস।

বহিঃবিভাগীয় অনুলিপি (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১) জেলা প্রশাসক/পুলিশ সুপার, মানিকগঞ্জ।
- ০২) মেয়র, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
- ০৩) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, মানিকগঞ্জ।

(মোঃ সুলতান নাছিমুল হক)
সিনিয়র জেনারেল ম্যানেজার